

রাজশাহী বিশ্ববিদ্যালয়



নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নং- ০১/২০২৬ (সহায়ক)

তারিখ: ৩০.০৯.২০২৬

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে নিম্নবর্ণিত পদগুলির জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে আগামী ০১.১০.২০২৬ তারিখ থেকে Online এ আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম ও বেতনস্কেল	পদ সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও অন্যান্য
১.	ওয়েল্ডার ২৪০০০-৫৮০০০/- গ্রেড-১৩তম জাতীয় বেতনস্কেল-২০২৬	০১ টি	১) ন্যূনতম অষ্টম শ্রেণী/জে.এস.সি/সমমান পাস হতে হবে। ২) গ্যাস ও আর্থ ওয়েল্ডিংসহ মটরগাড়ীর বডি, চেসিসের কাজে অভিজ্ঞ প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। ৩) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। ৪) ন্যূনতম বয়স ২০ বছর হতে হবে। ৫) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।
২.	বাস ড্রাইভার ২২৮০০-৫৫২০০/- গ্রেড-১৫তম জাতীয় বেতনস্কেল-২০২৬	১০ টি	১) ন্যূনতম অষ্টম শ্রেণী/জে.এস.সি/সমমান পাস হতে হবে। ২) বাস ও মাইক্রোবাসসহ অন্যান্য যানবাহন চালানোর কমপক্ষে ০৫(পাঁচ) বছরের অভিজ্ঞতাসহ বি.আর.টি.এ থেকে নিয়মিত হেভী ভেইকেল লাইসেন্সধারী (PSV, HTV) হতে হবে। হেভী ভেইকেল লাইসেন্স ইস্যুর তারিখ বিজ্ঞপ্তির তারিখ হতে ন্যূনতম ০২ (দুই) বছর পূর্বের হতে হবে। ৩) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে একটি শর্ত শিথিল যোগ্য। তবে মূল শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। ৪) ন্যূনতম বয়স ২০ বছর হতে হবে। ৫) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।
৩.	টায়ার টিউব মেরামতকারী মেকানিক ২২৮০০-৫৫২০০/- গ্রেড-১৫তম জাতীয় বেতনস্কেল-২০২৬	০১ টি	১) ন্যূনতম অষ্টম শ্রেণী/জে.এস.সি/সমমান পাস হতে হবে। ২) পেট্রোল, ডিজেল চালিত হালকা ও ভারী ইঞ্জিনসহ বাসের ইঞ্জিন ওভারহলিং এবং এ কাজে ১০ বছরের চলমান অভিজ্ঞতা। ৩) অভ্যন্তরীণ ও বিশেষ যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত শিথিলযোগ্য (সর্বোচ্চ ৫ বছর)। ৪) ন্যূনতম বয়স ২০ বছর হতে হবে। ৫) কোটার ক্ষেত্রে সরকারী নীতিমালা অনুসৃত হবে।

শর্তসমূহ:

- আগ্রহী প্রার্থীগণকে job.ru.ac.bd সাইটের মাধ্যমে ০১.১০.২০২৬ (সকাল ৯.০০টা) হতে ২৬.১০.২০২৬ (বিকাল ০৪.০০ মিনিট) তারিখের মধ্যে অনলাইনে আবেদন করতে হবে। আবেদনের নিয়মাবলী এবং নিয়োগদান পদ্ধতির বিস্তারিত বিবরণ ওয়েবসাইটে পাওয়া যাবে।
- আবেদনপত্রের প্রয়োজনীয় ফি ৫০০.০০ টাকা। **একই প্রার্থী একাধিক পদে আবেদন করতে চাইলে আলাদা ফি প্রদান করে আলাদাভাবে আবেদন করতে হবে।** প্রার্থীর ছবিসহ ও স্বাক্ষরসহ অন্যান্য তথ্য সঠিক ভাবে প্রদানের মাধ্যমে আবেদন সম্পন্ন করলে Application ID সম্বলিত ফরম পাওয়া যাবে। ফরমটি প্রিন্ট নিয়ে প্রার্থীতা সংরক্ষণ করবেন।
- প্রাথমিক পরীক্ষায় (লিখিত এবং প্রযোজ্য ক্ষেত্রে ব্যবহারিক) অংশগ্রহণের প্রবেশপত্র নির্দিষ্ট সময়ে ওয়েবসাইটে থেকে ডাউনলোড করে কালার প্রিন্ট নিতে হবে।
- প্রযোজ্য পরীক্ষার ফলাফলের ভিত্তিতে কর্তৃপক্ষের বিবেচনায় কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি দেওয়া হবে।
- প্রার্থীকে লিখিত/ কর্মদক্ষতা/ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ দেওয়া হবে না।
- প্রার্থীকে অবশ্যই Dope Test (সরকারী মেডিকেল কলেজ হতে) সহ আবেদন করতে হবে।
- প্রার্থীকে সাদা কাগজে ০৮ (আট) কপি দরখাস্ত ২৬.১০.২০২৬ তারিখ বিকাল ০৪.০০ টার মধ্যে বা তৎপূর্বে নিম্নস্বাক্ষরকারী বরাবর পাঠাতে হবে।

বিশেষ দৃষ্টব্য :

ক) আবেদনকারী নিজে অথবা তাঁর পক্ষে যে কোন মাধ্যমে তদবির করলে এবং কোন তথ্য গোপন করলে তার আবেদন বাতিল বলে গণ্য হবে।

(এ.এইচ.এম আসলাম হোসেন)

রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

রাজশাহী বিশ্ববিদ্যালয়।